নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৫-২৫৯

তারিখঃ ২৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নির্বাহী আদেশ

আগামী ১৩ মার্চ ২০১৮ তারিখ দশম জাতীয় সংসদের ২৯ গাইবান্ধা-০১ এবং ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-০২ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে নির্বাচনটি অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারের সাহায্য ও সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২ নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তি-শৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এই গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌরসভা/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩ উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় সংসদের উল্লিখিত শূন্য আসনের নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করিবেঃ

১) স্ব স্ব এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারী করিয়াছেন কিংবা করিবেন তাহা প্রতিপালন;

৩) নির্বাচনি মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ ও শান্তিপূর্ণ হয় সেই দিকে লক্ষ্য রাখা;

৪) কোন নির্বাচনি অফিস বা প্রতীক বা পোষ্টার নষ্ট করিবার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

৫) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ কিংবা উপজেলা পরিষদ এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ বা বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;

৬) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ কিংবা উপজেলা পরিষদ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;

৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;

৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচনি সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;

১৩) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে, শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। দশম জাতীয় সংসদের ২৯ গাইবান্ধা-০১ এবং ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-০১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সম্পূর্ণ নিরপেক্ষভাবে অনুষ্ঠানের নিমিত্তে এই আদেশ জারি করা হইল।

৬। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

স্বাক্ষরিত/-
১১/০২/২০১৮
আবদুল মালেক
সচিব

প্রাপক,

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাইবান্ধা/ব্রাহ্মণবাড়িয়া।
২। চেয়ারম্যান, ... উপজেলা পরিষদ, জেলা ....।
৩। মেয়র, ...পৌরসভা, জেলা ....।
৪। চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ, উপজেলা .... জেলা ....।

নং-৪৬. ০৬৯. ০১৮. ০০. ০০. ০১৪. ২০১৫-২৫৯/১(১২) তারিখ: ২৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/রংপুর বিভাগ।
৫। উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম/রংপুর রেঞ্জ।
৬। জেলা প্রশাসক, গাইবান্ধা/ব্রাহ্মণবাড়িয়া।
৭। পুলিশ সুপার, গাইবান্ধা/ব্রাহ্মণবাড়িয়া।
৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার, রংপুর/কুমিল্লা অঞ্চল।
৯। জেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার, গাইবান্ধা/ব্রাহ্মণবাড়িয়া।
১০। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা- ------------------, জেলা---------- ---------।
১১। উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা- --------- -------, জেলা-----------------।
১২। সচিব, জেলা পরিষদ,গাইবান্ধা/ব্রাহ্মণবাড়িয়া।

১১/২/২০১৮

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd